

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা

সংস্থাপন বিভাগ

www.badc.gov.bd

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.০৫.০০২.১৮.৯৯৯

তারিখ: ২০ অগ্রহাষণ ১৪২৮

০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: কৃষি মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম [১.৩] অনুসারে 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে' অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।


সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বরঃ ১২.০০.০০০০.০৩৮.০৬.০০৯.২১-৫২৫; তারিখঃ ২৮ নভেম্বর ২০২১ (সংযুক্তি-ক)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কৃষি মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম [১.৩] অনুসারে "সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে" একটি সভা বিগত ১৩ নভেম্বর ২০২১ তারিখ অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৬.১	কৃষকগণ উৎপাদিত কৃষি পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে কার্যকর কৃষক বিপণন দল, কালেকশন সেন্টার হতে পণ্য সংগ্রহ ও বাজারজাতকরণে সহায়তা প্রদান ও বাজার ব্যবস্থার উন্নয়ন। প্রয়োজনে সিলেট অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সাথে আলোচনা করে কৃষকদের পণ্য বিপণনে কাঙ্ক্ষিত সেবা প্রদান;	কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট
৬.২	সিলেট অঞ্চলের রবি মৌসুমে সেচ সুবিধা বৃদ্ধি করার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ;	বিএডিসি ও অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ)
৬.৩	রবি মৌসুমে নন-ইউরিয়া সারের (টিএসপি) বরাদ্দ বৃদ্ধি এবং নন ইউরিয়া সার বেসরকারি আমদানীকারকের পরিবর্তে বিএডিসির মাধ্যমে প্রদান;	
৬.৪	সিলেট অঞ্চলে আমন বীজের (BR-22) বরাদ্দ বাড়ানোসহ নব উদ্ভাবিত জাতের বীজ যথাঃ ব্রি-৮৫, ব্রি-৮৮, ব্রি-৯৫, বঙ্গবন্ধু ধান-১০০ সরবরাহ;	
৬.৫	হবিগঞ্জে পটাশ সারের বরাদ্দ বৃদ্ধি এবং সিলেট অঞ্চলের ৪৫% হাওড় হওয়ায় এই অঞ্চলের ৪টি জেলায় আগামী বোরো মৌসুম পর্যন্ত যে পরিমাণ সারের বরাদ্দ আছে তার চেয়ে একটু বেশী বরাদ্দ বৃদ্ধি;	
৬.৬	তিন মাস ধরে মন্ত্রণালয়ে পেন্ডিং থাকা সিলেট, হবিগঞ্জ, সুনামগঞ্জ জেলার বীজ ডিলার নবায়ন নিবন্ধন আবেদন দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;	মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়
৬.৭	সিলেট অঞ্চলে সেচ এলাকা বৃদ্ধির জন্য বিএডিসি হতে গৃহীত প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা অনুবিভাগের সাথে যোগাযোগ;	অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
৬.৮	কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা কর্মচারীগণকে কৃষকসহ সকল অংশীজনের সাথে সার্বক্ষণিকভাবে সংযোগ অব্যাহত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী স্ব স্ব দায়িত্ব পালন।	ডিএই, বিএডিসি, ডিএএম, ব্রি, বারি, এটিআই সিলেট অঞ্চল, সিলেট এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।

০২। এমতাবস্থায়, বিএডিসি সংশ্লিষ্ট উল্লিখিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অগ্রগতি আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে সংস্থাপন বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী।



৫-১২-২০২১

মোহাম্মদ জাকিরুল ইসলাম
যুগ্মপরিচালক

বিতরণ :


- ১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক(বীজ)-এর দপ্তর,
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাব্যবস্থাপক, সার ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ
কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) যুগ্মপরিচালক, সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ,
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) প্রধান প্রকৌশলী, ক্ষুদ্রসেচ বিভাগ, বাংলাদেশ কৃষি
উন্নয়ন কর্পোরেশন

স্মারক নম্বর: ১২.০৬.০০০০.২০৩.০৫.০০২.১৮.৯৯৯/১(৫)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮
০৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), মনিটরিং ও রিপোর্ট শাখা, কৃষি মন্ত্রণালয়
- ২) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৪) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বীজ ও উদ্যান উইং, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৫) সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন



৫-১২-২০২১

মোহাম্মদ আলী
সহকারী পরিচালক